



তথ্যবিবরণী

নম্বর- ১৩৭

রাজশাহীতে পালিত হলো আন্তর্জাতিক অভিবাসী ও জাতীয় প্রবাসী দিবস

রাজশাহী; ৩ পৌষ (১৮ ডিসেম্বর):

আজ বুধবার (১৮ ডিসেম্বর) নগরীর সপুরাস্থ কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে জেলা প্রশাসনের আয়োজনে পালিত হয় আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস ২০২৪। এ উপলক্ষে 'প্রবাসীর অধিকার, আমাদের অঙ্গীকার-বৈষম্যহীন বাংলাদেশ, আমাদের সবার' শ্লোগানকে সামনে রেখে টিটিসির অধ্যক্ষ মো. নাজমুল হক এর সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহীর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মহিনুল হাসান।

সভায় প্রধান অতিথির বক্তব্যে মো. মহিনুল হাসান বলেন, আমরা যদি জুলাই-আগস্টের বিপ্লবের সফলতার কথা চিন্তা করি-এ সফলতার পিছনে প্রবাসী বাংলাদেশীদেরও গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। সমভাবে তারা এ আন্দোলনে যুক্ত ছিল। আন্দোলনের এক পর্যায়ে দেশে রেমিট্যান্স পাঠানো বন্ধ করে রেমিট্যান্স শার্টডাউনের মাধ্যমে তারা এ বিপ্লবকে ত্বরান্বিত করেন।

তিনি আরও বলেন, জুলাই বিপ্লব পরবর্তী বৈষম্যহীন বাংলাদেশে প্রবাসীদের অধিকার রক্ষা আমাদের দায়িত্ব। প্রবাসীরা যাতে সর্বোচ্চ সুযোগ-সুবিধা পায় এবং কোনো ধরণের ভোগান্তির সম্মুখীন না হন তার জন্য প্রধান উপদেষ্টা বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। ভ্রমণকে সহজ করার জন্য হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী বাংলাদেশীদের জন্য বিশেষ হেল্পডেস্ক এবং লাউঞ্জের ব্যবস্থা করা হয়েছে।

বিদেশ গমনে ইচ্ছুকদের উদ্দেশে তিনি বলেন, গুজবে কান না দিয়ে যথাযথ প্রশিক্ষণ গ্রহণ করে বিদেশ গমনে সবাইকে সচেতন হতে হবে। বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে প্রবাসী বাংলাদেশীদের সততার সাথে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

বৈষম্যহীন বাংলাদেশের অংশীজন আমরা সবাই উল্লেখ করে প্রধান অতিথি বলেন, আমাদের সকলকেই ঐক্যবদ্ধভাবে দেশে ও দেশের বাইরে কাজ করতে হবে।

দিবসটি উদযাপন উপলক্ষে আয়োজিত দিনব্যাপী জব ফেয়ারে বিপুলসংখ্যক চাকুরিপ্রার্থী ও দর্শনার্থী অংশগ্রহণ করেন। উল্লেখ্য আলোচনা সভার পূর্বে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক সমর কুমার রনি, রাজশাহী পুলিশ সুপারের প্রতিনিধি মো. রবিউল ইসলাম, রাজশাহী প্রবাসী কল্যাণ ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক মো. সোহেল রানা, জেলা

কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সহকারী পরিচালক মো. আতিকুর রহমান, রাজশাহী মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোহাম্মদ শফিকুল ইসলামসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় জেলা ওয়েলফেয়ার সেন্টার এর পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত প্রবাসী বাংলাদেশী তিনটি পরিবারকে অনুদানের চেক প্রদান এবং সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারীদের হাতে সম্মাননা স্মারক তুলে দেয়া হয়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৪:৪০ ঘ.